# উপজেলা পরিষদ

মহেশপুর,ঝিনাইদহ।

## ৫ম উপজেলা পরিষদের ২১তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মহেশপুর,ঝিনাইদহ।

তারিখ ঃ ২৯/০৭/২০২১খ্রিঃ, সময় ঃ সকাল ১১-০০ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, মহেশপুর,ঝিনাইদহ।

০১। সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ-পরিশিষ্ট-"ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন । বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত এবং দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নোক্ত আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ বিষয়াদি আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয়বস্তু | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| আর্থিক | ০১। পরিষদের তহবিল সংক্রান্ত সকল বিষয় ; | উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল পরিশোধ করা হয়েছে। উহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>১। উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের এর জুলাই/২১ মাসের সম্মানি ভাতা পরিশোধ-৯৪০০০/-<br>২। জুলাই /২১মাসের আপ্যায়ন বিল পরিশোধ-৩০,০০০/-<br>৩। জুলাই /২১মাসের আনুষাঙ্গিক বিল পরিশোধ-৫,০০০/-<br>৪। জুলাই /২১মাসের ইন্টারনেট বিল পরিশোধ ১,০০০/-<br>৫। বৈদ্যুতিক মালামালের বিল পরিশোধ ৭২৮৬/-<br>৬। পানির লাইন মেরামত বিল পরিশোধ ৯৮০২/-<br>৭। ল্যাট্রিন পরিস্কার বিল পরিশোধ ২৫০০/-<br>৮। জীপ গাড়ী মেরামত বিল পরিশোধ ১৯৮০০/-<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত খরচসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর<br>২।উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা,মহেশপুর |
| | | চেয়ারম্যান ফতেপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, অতি বৃষ্টির কারনে ইউনিয়নে রাস্তা সমূহ জন-সাধারনের চলাচলের অযোগ্য হয়ে পরেছে। কিছু রাস্তা বড় বড় গর্ত হওয়ার কারনে যোগাযোগ ব্যবস্থা বন্ধ হওয়ার উপক্রম। রাস্তাগুলি জরুরী ভিত্তিতে মেরামত অথবা যোগাযোগ ব্যবস্থা চালু | বিস্তারিত আলোচনান্তে অতি বৃষ্টির কারনে ইউনিয়নের রাস্তা সমূহ জন সাধারণের চলাচলের অনুপযোগি হয়ে পরায় জরুরী রাস্তা সমূহ মেরামত এবং বেকার যুবকদের জন্য ল্যাপটপ ক্রয়সহ অন্যান্য জরুরী কাজ দ্রুত বাস্তাবায়ন করার জন্য ২০২১-২০২২ অর্থ বছরের | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২।উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা,মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর<br>৪। সংশ্লিষ্ট চেয়ারম্যানগন<br>৫। সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাখার জন্য বড় বড় গর্তে ব্যাট্স দেওয়া প্রয়োজন। তিনি আরো জানান যে, ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ক্রীড়া সামগ্রী দেওয়া প্রয়োজন। এ প্রসংঙ্গে উপস্থিত চেয়ারম্যানগন একমত পোষন করেন এবং চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রত্যেক ইউনিয়নের গুরুত্বপূর্ন রাস্তা মেরামত করার জন্য ২০০০০০/-(দুই লক্ষ) টাকা হিসাবে ১২টি ইউনিয়নে সর্বমোট ২৪০০০০০/-(চব্বিশ লক্ষ)টাকা বরাদ্দ প্রদানসহ ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য ইউনিয়ন প্রতি আরো ৫০০০০/-(পঞ্চাশ হাজার) করে টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, গত অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের আওতায় বেকার যুবকদের ফিল্যান্সিং বিষয়ে ২০ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল। তাদের মধ্যে যারা প্রশিক্ষন গ্রহন করে ভাল করেছিল তাদের মধ্যে ল্যাপটপ দেওয়া প্রয়োজন। (২০০০০০/- দুই লক্ষ টাকার মধ্যে)<br>উপজেলা চেয়ারম্যান মহোদয়ের কথায় সম্মানীত সদস্যগন একমত পোষন করেন।<br>উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সম্মানিত সদস্যগনের দৃষ্টি আকষর্ণ পূর্বক জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অর্থ প্রকল্প বাস্তবায়ন করা যাবে। | উপজেলা উন্নয়ণ তহবিল হতে বিলের অর্থ পরিশোধ করা হবে। পরিশিষ্ট ''খ'' তে উল্লেখিত প্রকল্প এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। দ্রুত প্রকল্প সমুহ বাস্তবায়নের নিমিত্ত কারিগরি সহায়তা প্রদানের জন্য সভার পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে অনুরোধসহ ক্রীড়া সামগ্রী এবং ল্যাপটপ বিতরনের মাস্টাররোল যথাযথভাবে সংরক্ষনের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সভাপতিগন। |
| | ০২। পরিষদের বার্ষিক বাজেট বিবরনী, সংশোধিত বাজেট ও বাজেটে অন্তভুক্ত হয়নি এরুপ ব্যয়ের প্রস্তাব | আলোচ্য বিষয় নাই | - | - |
| | ০৩। পরিষদের বার্ষিক হিসাব বিবরনী | উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় জানান, পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে তা প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন ও সংরক্ষণ করা যেতে পারে। এ ব্যাপারে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন। | পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ,<br>২। উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| | ০৪। পরিষদ কতৃর্ক বাস্তবায়নযোগ্য কাজের মান এবং এস্টিমেট অনুমোদন | উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হবে মর্মে উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান। | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | ০৫। পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে বিবেচনাযোগ্য কোন প্রস্তাব এমুহূর্তে নাই মর্মে সভায় উপজেলা মূখ্য নির্বাহী কর্মকতা সভাকে অবহিত করেন। উপজেলা চেয়ারম্যান জানান, এরূপ কোন প্রস্তাব পাওয়া গেলে তা বিবেচনা করা হবে। | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে তা বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ , মহেশপুর।<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগন। |
| উন্নয়নমূলক | ০১। হস্তান্তরিত বিষয়ভূক্ত উন্নয়ন প্রস্তাব/ প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মহেশপুর, সভায় জানান যে, এডিপি এবং উন্নয়ন তহবিলের কাজ চলমান রয়েছে দ্রুত শেষ হবে। | বিস্তারিত আলোচনান্তে, নীতিমালা অনুসরণ পূর্বক পরিশিষ্ঠ ''খ'' তে আনুষাংঙ্গিক ও তদারকি ব্যয়ের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর<br>১। উপজেলা প্রকৌশলী মহেশপুর ,ঝিনাইদহ |
| | ০২। পরিষদের তহবিল দ্বারা বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের মাসিক অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষন ও মূল্যায়ন | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরনের উন্নয়ন কাজের তালিকা সরবরাহের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান ও দপ্তর প্রধানগণের প্রতি সভাপতি আহ্বান জানান। | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরনের উন্নয়ন কাজের তালিকা উপজেলা পরিষদে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| | ০৩। সরকার কর্তৃক, সময়ে সময়ে, পরিষদে ন্যাস্ত অন্যান্য সকল উন্নয়ন প্রকল্প। | উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলার পি এস সি হতে সুপারিশকৃত ২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনার সকল কাগজ পত্রাদি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) / পিএমইউতে প্রেরণ করা হয়েছে।<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) এর আওতায় মোট ০৭টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (৪র্থ পর্যায়ের) প্রশিক্ষন কর্মশালা সুন্দরভাবে শেষ হয়েছে। বিল ভাওচার সমন্বয়পূর্বক প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) (ইউজিডিপি) বরাবর বিল ভাওচার প্রেরন করা হয়েছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে , আলোচ্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পগুলোর অনুকূলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কাজ সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর।<br>২। উপজেলা প্রকৌশলী মহেশপুর।<br>৩। উপজেলা, ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর ইউজিডিপি<br><br>১। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা,মহেশপুর। |
| অপারেশনাল | ০১। সরকার কর্তৃক পরিষদে ন্যস্তকৃত/প্রেষনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারিসহ পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারি সংক্রান্ত | দৈনিক ভিত্তিতে নিয়োজিত উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপারের জুলাই /২০২১ মাসের শ্রমিক মজুরী বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১৯৮০০/- টাকা পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত | আলোচনা শেষে বর্ণিত ১৯৮০০/-টাকা খরচ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিষয়াদি ; | আলোচনা করা হয়। | | |
| | ০২। ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন ; | ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশ বাস্তবায়নের জন্য **হস্তান্তরিত দপ্তরসমূহের কমিটির নিয়মিত সভা করা** পরিষদের আওতাধীন যে কোন কর্মকান্ড বা অন্যান্য বিষয়ে মন্ত্রনালয় বা অধীদপ্তর কর্তৃক প্রেরিত যে কোন চিঠি বা পরিপত্র দপ্তর প্রধান প্রাপ্তির পর অবশ্যই উপজেলা পরিষদ চেয়ারম্যান সাহেবকে চিঠি বা পরিপত্রের মর্ম অবহিত করার জন্য উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা আহবান জানান। | বিস্তারিত আলোচনান্তে কমিটি সমূহের নিয়মিত সভা করার জন্য মাসিক সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কমিটির সদস-সচিবগনকে অনুরোধ করা হয়। | ১। সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগন। |
| সমন্বয় | ০১। পরিষদে হস্তান্তরিত অফিসসমূহ এবং বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার ( NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা | ক) সমন্বয়ের উদ্দেশ্যে পরিষদে হস্তন্তরিত দপ্তরসমূহের মধ্যে যে সকল দপ্তরে উন্নয়ন কার্যক্রম চলমান, তা লিখিতভাবে অবহিতকরনসহ উর্দ্ধতন কার্যালয়ে যে সকল প্রতিবেদন প্রেরণের তাগিদ দেওয়া হয়, সে সকল প্রতিবেদনগুলি যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি আহবান জানান।<br>খ) উপজেলার ভৌগোলিক অধিক্ষেত্রের মধ্যে কার্যপরিচালনাকারী বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার ( NGO) উন্নয়ন কার্যক্রম আইন অনুযায়ী করছে কিনা সে বিষয়ে তদারকি করার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে আহ্বান ও লাইন ডিপার্টমেন্টকে আহ্বান জানানো হয়। | ক) দপ্তরসমূহের মধ্যে যে সকল উন্নয়ন কার্যক্রমে সমন্বয় প্রয়োজন, তা যথাযথভাবে নিশ্চিকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি দপ্তরসমূহ কর্তৃক প্রেরণ করতে হবে।<br>খ) উর্দ্ধতন কার্যালয়ে যথাসময়ে প্রতিবেদনগুলি প্রেরণের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।<br>গ) ( NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার পূর্বে অত্র কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য চেয়ারম্যান (সকল) ও ষান্মাষিক পর্যালোচনা প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগনকে -কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী মহেশপুর ,ঝিনাইদহ<br>২। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,মহেশপুর<br>ক) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।<br>খ) ইউপিচেয়ারম্যানগন। |
| | ০২। রিপোর্ট ও বিবরণী সংগ্রহসহ সরকারের রেগুলেটরি ডিপার্টমেন্টের কার্যক্রম ত্রৈমাসিক পর্যালোচনা এবং আইন অনুযায়ি সকল রিপোর্ট সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ | মাসিক সভায় রেগুলেটরী ডিপার্টমেন্টের দপ্তর প্রধানগনকে প্রতি ৩মাস অন্তর সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রেগুলেটরী ডিপার্টমেন্টের দপ্তর প্রধানগনকে নির্ধারিত মাসিক সভার নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের ১৮/০৩/২০২১খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত প্যাকেজ নং উন্নয়ন/মহেশ/২০২০-২১ W -১৫, ২ নং ক্রমিকের প্রকল্প সংশোধনের জন্য মান্দারবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবেদন করেছেন। উল্লেখিত আবেদনে চেয়ারম্যান মান্দারবাড়ীয়া জানান উক্ত প্রকল্প হতে আরো জনগুরুত্বপূর্ন প্রকল্প থাকায় সেটি বাস্তবায়ন করা হলে সাধারন মানুষের চলাচলের আরো সুবিধা হবে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে (প্রাক্কলিত অর্থের পরিমান অপরিবর্তিত রেখে) মান্দারবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত প্রকল্প পরিশিষ্ট ''গ'' তে সভায় সর্বসম্মতিক্রমে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদের ১৮/০৩/২০২১খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত প্যাকেজ নং উন্নয়ন/মহেশ/২০২০-২১ W -১৬, ২ নং ক্রমিকের কমলাপুর শহীদের দোকান হতে আশাদুলের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং অনুমোদিত হয়েছে। কিন্তু কাজটি বাস্তবায়ন কালে দেখা যায় গত অর্থ বছরে এলজিএসপি থেকে মেকাডম করা হয়েছে। তিনি আরো জানান যে, এলাকাবাসীর দাবী এবং সামাজিক প্রতিষ্ঠান বিবেচনা করে বর্ণিত প্রকল্পের শেষ অংশ হতে উক্ত এলাকার মসজিদ পর্যন্ত ফ্লাট সলিং করলে সাধারন মানুষ আরো বেশি উপকৃত হবে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে (প্রাক্কলিত অর্থের পরিমান অপরিবর্তিত রেখে) এলাকাবাসীর দাবী এবং সামাজিক প্রতিষ্ঠান বিবেচনা করে বর্ণিত প্রকল্পের শেষ অংশ হতে উক্ত এলাকার মসজিদ পর্যন্ত ফ্লাট সলিং প্রকল্প পরিশিষ্ট ''গ'' তে সভায় সর্বসম্মতিক্রমে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | উপজেলা পরিষদের ১৮/০৩/২০২১খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত প্যাকেজ নং উন্নয়ন/মহেশ/২০২০-২১ W -৩, ৩ নং ক্রমিকের ফতেপুর ইউনিয়নে যোগীহুদা স্থানীয় পাড়া মসজিদ হতে জয়নাল মাষ্টারের বাড়ি অভিমূখে রাস্তা ফ্লাট সলিং অনুমোদিত হয়েছিল, কিন্তু উক্ত প্রকল্প হতে আরো জনগুরুত্বপূর্ন প্রকল্প থাকায় সেটি বাস্তবায়ন করা হলে সাধারন মানুষের চলাচলের আরো সুবিধা হবে মর্মে চেয়ারম্যান ফতেপুর ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে (প্রাক্কলিত অর্থের পরিমান অপরিবর্তিত রেখে) অনুমোদিত প্রকল্পের পরিবর্তে ইউপি চেয়ারম্যান কর্তৃক বর্ণিত প্রকল্প পরিশিষ্ট ''গ'' তে সভায় সর্বসম্মতিক্রমে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | উপজেলা সেচ কমিটি বরাবর গ্রাহক সাধারন আবেদনের প্রেক্ষিতে,উপজেলা সেচ কমিটি উপজেলা কৃষি অফিসারের নিকট তদন্তের জন্য প্রেরণ করা হয়। উপজেলা কৃষি অফিসার ১৬/০৩/২০২১খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন জমা দেন। তাদের মধ্যে যেসব গ্রাহক লাইসেন্স ফি জমা প্রদান করেছে তাদের লাইসেন্স প্রদান করা হয়েছে। নতুন করে ০১জন লাইসেন্স ফি জমা প্রদান করায় | বিস্তারিত আলোচনান্তে বর্ণনা মোতাবেক পরিশিষ্ট ''ঘ''তে সাধারণ কৃষকদের লাইসেন্স ফি জমা প্রদান সাপেক্ষে লাইসেন্স প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তার লাইসেন্স প্রদান করা প্রয়োজন। তিনি আরো জানান বিএডিসি কর্তৃক তদন্তকৃত (৩৪ জন) কৃষকদের লাইসেন্স প্রদানের জন্য উপ-সহকারী প্রকৌশলী ক্ষুদ্রসেচ সুপারিশ করেছেন।<br>এ প্রসংঙ্গে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান যে, মোঃ কামরুজ্জামান , পিং-আব্দুল কাদের , ভোলাডাঙ্গা মসজিদপাড়া সে অনেক দিন নলকূপের লাইসেন্স এর জন্য আবেদন করেছেন কিন্তু অদ্যবধি লাইসেন্স না পাওয়ায় জরুরী ভিত্তিতে লাইসেন্স প্রদান করা দরকার।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যের মঙ্গল এবং সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৭/২০২১

মযজদ্দীন হামীদ
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান উপজেলা পরিষদ,
মহেশপুর,ঝিনাইদহ।

স্মারক নং-৪৬.৪৪.৪৪৭১.০০০.১৮.০০১.২০২১-৯৬(৪০)

তারিখ ২৯/০৭/২০২১খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য:

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য,৮৩ ঝিনাইদহ-৩।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪। জনাব, ময়জদ্দীন হামীদ চেয়ারম্যান,উপজেলা পরিষদ মহেশপুর,ঝিনাইদহ।
০৫। জনাব, আজিজুল হক আজা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ মহেশপুর,ঝিনাইদহ।
০৬। জনাব, মোছাঃ হাসিনা খাতুন হেনা মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ মহেশপুর,ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য:

০৭। উপজেলা------------------------------------কর্মকর্তা,মহেশপুর,ঝিনাইদহ।
০৮। চেয়ারম্যান------------------------------------------ইউনিয়ন পরিষদ,মহেশপুর,ঝিনাইদহ।
০৯। -------------------------------------------------------------------(সংশ্লিষ্ট সকল)

২৯/০৭/২০২১

শাশ্বতী শীল
উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর,ঝিনাইদহ।